বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com
facebook page: govt.blc.official

## ২০১৯ সালের মাস্টার্স ১ম পর্ব বিশেষ (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ) পুরাতন সিলেবাস অনিয়মিত, অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার আবেদন ফরম পুরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info/mf** এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পুরণ করতে হবে। আবেদন ফরম পুরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পুরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

**ফরম পূরণ সংক্রান্ত কোন প্রকার ত্রুটি হলে ই-মেইল করুনঃ mpexam.nu@gmail.com (প্রয়োজনে)**

* পরীক্ষার আবেদন ফরম পুরণের পুর্বে অনিয়মিত ছাত্র-ছাত্রীকে অবশ্যই টিউটোরিয়াল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। টিউটোরিয়াল পরীক্ষা ব্যতিত কোন আবেদন ফরমে সুপারিশ না করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।

| ক্রঃ নং | প্রশাসনিক ভবনের জমাদানের তারিখ | পরীক্ষার্থীর প্রকার | বিষয়ের নাম | জমাদানের সময় |
|---|---|---|---|---|
| ১। | ২৬.০৩.২০২২ হতে ১৩.০৪.২০২২ খ্রি. | অনিয়মিত/ অকৃতকার্য/ প্রাইভেট (শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭) | সকল বিষয় | সকাল ৯:৩০ টা দুপুর ১টা পর্যন্ত |

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পুরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য (অনিয়মিত ও প্রাইভেট যারা আদৌ ২০১৭ সালের পরীক্ষার আবেদন ফরম পুরণ করেনি)ঃ

**বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা = ৫৭৫/=** (সকল পত্রের জন্য)
**পদার্থ, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত = ৭৮০/= টাকা** (সকল পত্রের জন্য) (অনিয়মিত)

**অকৃতকার্য পরীক্ষার্থীদের অনলাইনের আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য ৫০০/=। অকৃতকার্য কোন পরীক্ষার্থীর ব্যবহারিক ও মৌখিক থাকলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার পূর্বেই স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষার ফিস ৭৫/= টাকা এবং ব্যবহারিক ফিস ২০৫/=।**

**যে সকল পরীক্ষার্থী ২০১৭ ও ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে বেতন ও সেশন চার্জ বাবদ ১৬২০/= টাকা অতিরিক্ত জমা দিতে হবে।**

১। আবেদন ফরম পুরণের যোগ্যতা (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য)ঃ

ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে বা ২০১৭ সালের এক বা দুই পত্রের পরীক্ষা দিয়ে পুনরায় অকৃতকার্য হয়েছে। সে সকল পরীক্ষার্থীরা ২০১৯ সালের পরীক্ষায় সকল পত্রে অংশগ্রহণ করবে। তবে ব্যবহারিক/মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষায় অবশ্যই পাস থাকতে হবে।

গ) ২০১৭ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৯ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৭ সালের ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরণের পরীক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু ঐ পত্র গুলিতে অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ২০১৮ সালের যে সকল পরীক্ষার্থী ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের পূর্বের প্রাপ্ত নম্বর বহাল থাকবে। তবে ৪০% এর কম নম্বর থাকলে ঐ সকল পরীক্ষার্থী ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি এবং ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী ইচ্ছা করলে ২০১৯ সালের বিশেষ পরীক্ষায় (এক বা একাধিক পত্রে) দিতে পারবে। এক্ষেত্রে ৩০০/= টাকা বিশেষ অন্তর্ভুক্তি ফিস এবং প্রতি পত্রের ফি ৩০০/= টাকা জমা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩। বিভাগীয় প্রধানগণকে জানাচ্ছি যে, পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদালয়ের ওয়েব সাইট থেকে Probable List এর প্রিন্ট করে যাচাইপূর্বক বিভাগীয় প্রধান আবেদন ফরম স্বাক্ষর করবেন। কলেজ অফিসে জমাকৃত আবেদন ফরম ১৬.০৪.২০২২ খ্রি তারিখের মধ্যে স্ব স্ব বিভাগ গ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.nubd.info/mf এর College Login এ প্রবেশ করে ডাটা নিশ্চয়ন করে বিবরণী প্রিন্ট করার পর অবশ্যই বিভাগীয় প্রধান বিবরণীতে স্বাক্ষর করবেন। অনলাইনে ডাটা এন্ট্রির শেষ তারিখ ১৮.০৪.২০২২ খ্রি.। আগামী ১৯.০৪.২০২২ খ্রি. তারিখ সকাল ১০ ঘটিকার মধ্যে ২কপি বিবরণী ও সীলগালাকৃত খামে টিউটোরিয়াল নম্বর কলেজ অফিসে জমা দিতে হবে। এক কপি বিবরণী স্ব স্ব বিভাগে জমা রাখতে হবে। আবেদন ফরম পূরণের টিউটোরিয়াল নম্বর অবশ্যই এন্ট্রি দিতে হবে টিউটোরিয়াল নম্বর না পাওয়া গেলে পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৪। পাঠ্যসূচি ঃ ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের পুরাতন সিলেবাস অনুযায়ী ২০১৯ সালের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয়ঃ

ক) স্ব স্ব বিভাগের **Probable List** দেখে নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য, প্রাইভেট শিক্ষার্থীদের অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এক কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং এক কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

ঘ) মাস্টার্স ১ম পর্বের কোন ছাত্র-ছাত্রীর নিকট লাইব্রেরির কোন বই পাওনা থাকলে বিষয়ওয়ারী তালিকা প্রস্তুত করে তা আগামী ১৩.০৪.২০২২ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে প্রদান করতে লাইব্রেরিয়ান ভারপ্রাপ্ত- কে অনুরোধ বলা হলো।

20/3/2022
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

20/3/2022